

কর্ম সংস্থানের জন্য প্রশিক্ষণ

দেশের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের স্বকর্ম-স্থানসহ ব্যাপক কর্মসংস্থানের লক্ষ্যে বাণ, বেত, কঠ ও বিভিন্ন কৃটিরিশিপে প্রশিক্ষণ দেয়ার জন্য জাতীয় ছাত্র পরিষদ কাজের ডাক-এর সহায়তায় প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে বলে যে খবর বেরিয়েছে তা খুবই প্রয়োজনীয় এবং আশা-স্বপ্নকাঙ্ক্ষিত ছাত্রছাত্রীরা এ ধরনের প্রশিক্ষণ লাভের ব্যাপক সুযোগ সুবিধা পেলে, এবং নিজেদের বিভিন্ন ধরনের কৃটিরিশিপে ও অন্যান্য শিপে দক্ষ করে তুলতে পারলে, কর্মসংস্থানের সুযোগই শূন্য সম্প্রসারিত হবে না, জীবন-জীবিকার সমস্যা-সমাধান এবং অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতেও তারা সক্ষম হবেন।

জনবহুল আমাদের দেশে শিক্ষিত ও নিরক্ষর বেকারের সংখ্যা বিশাল, অথচ কর্মসংস্থানের সুযোগ-সুবিধা খুবই সীমিত। সরকারী ও বেসরকারী চাকরি-বাকরিত খুব কমসংখ্যক লোকেরই কর্মসংস্থান করা সম্ভব। বাস্তব কারণেই, শিক্ষিত ও নিরক্ষর জনশ্রীতকে নানা ধরনের প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে তোলা দরকার—যাতে তারা চাকরি-বাকরির অপেক্ষা না করে, বিভিন্ন ক্ষেত্রে কারিগরি জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে জীবন জীবিকার সংস্থান করতে সক্ষম হয়। ছাত্রছাত্রীদের কৃটিরিশিপে ও অন্যান্য ক্ষেত্রে এ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা ছাত্রসংস্থানেই উপার্জন এবং পরবর্তীকালে স্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পারে।

দেশে বেকার সমস্যা সমাধান ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এবং শিক্ষিত ও ছাত্রছাত্রীদের কর্মক্ষমতাকে কাজে লাগানোর উদ্দেশ্যে বিভিন্ন ধরনের প্রকল্প গ্রহণ এবং প্রশিক্ষণেরও ব্যবস্থা করা হয়েছে ও হচ্ছে। আমাদের দেশে ঐতিহ্যবাহী ক্ষুদ্র ও কৃটিরিশিপের ব্যাপক বিকাশের সম্ভাবনা রয়েছে এবং এর জন্য প্রয়োজনীয় ক'চামালেরও অভাব নেই। এই সম্ভাবনাকে সর্বতোভাবে কাজে লাগানো দরকার।